**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ উদ্যোগের ত্রয়োদশ রাউন্ডের মাধ্যমে 57 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ ঘোষণা করেছেন

***এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট গ্রান্ট ফান্ড অ্যাওয়ার্ডের প্রথম ব্যাচ 47টি সোভেল-রেডি প্রকল্পকে সহায়তার জন্য 46 মিলিয়ন ডলারেরও বেশি অন্তর্ভুক্ত করে***

***9.7 মিলিয়ন ডলারেরও বেশি মূলধন 108টি ক্রাফট বেভারেজ ম্যানুফ্যাকচারার এবং 62টি অলাভজনক প্রতিষ্ঠানের জন্য বরাদ্দ দেওয়া হয়***

***রাউন্ড XIII এর বরাদ্দপ্রাপ্তদের পূর্ণাঙ্গ তালিকা পাওয়া যাবে এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটব্যাপী 238টি প্রকল্পে সহায়তার জন্য আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Regional Economic Development Councils, REDC)-এর উদ্যোগের মাধ্যমে 57 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ প্রদান করা হয়েছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) অনুদান তহবিল এবং এক্সেলসিয়র জবস প্রোগ্রাম ট্যাক্স ক্রেডিট XIII রাউন্ডে অন্তর্ভুক্ত ছিল, যেটি কমিউনিটির জরুরি প্রয়োজনগুলোকে সহায়তার করার জন্য একটি ধারাবাহিক এবং প্রতিযোগিতার ভিত্তিতে উপলভ্য করা হয়েছিল। এই প্রোগ্রামগুলো থেকে 46 মিলিয়ন ডলারেরও বেশি অর্থায়ন কার্যকরী প্রকল্পগুলোকে সহায়তা করবে যা প্রতিটি অঞ্চলের কৌশলগত লক্ষ্যগুলোকে ঠিক রেখে সাজানো হয়েছে। দুইটি নতুন মাইক্রো গ্রান্ট প্রোগ্রাম XIII রাউন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে: ক্রাফট বেভারেজ মাইক্রো গ্রান্ট প্রোগ্রাম এবং অলাভজনক ক্যাপিটাল গ্রান্ট প্রোগ্রাম যেটি স্টেটব্যাপী 170টি ক্রাফট বেভারেজ ম্যানুফ্যাকচারার এবং অলাভজনক প্রতিষ্ঠানকে সহায়তার জন্য 9.7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ প্রদান করেছে।

"সোভেল-রেডি প্রকল্পগুলোতে বিনিয়োগ করে নিউ ইয়র্ক স্টেট আমাদের ক্রমবর্ধমান কমিউনিটিগুলোকে সহায়তা করছে যা কর্মসংস্থান সৃষ্টিকে উত্সাহিত করবে এবং স্থানীয় অর্থনীতির উন্নতিতে সহায়তা করবে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রকল্পগুলোর পরিসর সেই স্টেকহোল্ডারদের কাছ থেকে গুরুত্বপূর্ণ আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের ইনপুটকে প্রতিফলিত করে যারা তাদের স্থানীয় সম্পদ ও শিল্পগুলোকে সবচেয়ে ভালোভাবে জানে এবং আমাদের কমিউনিটিতে সুযোগ তৈরি করতে এখন এবং ভবিষ্যতের জন্য কৌশলগত বিনিয়োগ করতে সাহায্য করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট গ্রান্ট তহবিলের জন্য আবেদন চালু আছে এবং তহবিল শেষ না হওয়া পর্যন্ত আবেদনগুলো চলমান ভিত্তিতে পর্যালোচনা করা হচ্ছে। স্টেট ও অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত অগ্রাধিকারগুলোর সাথে সঙ্গতিপূর্ণ শক্তিশালী নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত প্রকল্প সহ আবেদনকারীরা [কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশন]() এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

**আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের চেয়ারম্যান লেফটেন্যান্ট গভর্নর আন্তোনিও ডেলগাডো বলেন,** "আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলো সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে ঐতিহাসিকভাবে দুর্দশাগ্রস্ত কমিউনিটির সাথে কৌশলগত বিনিয়োগ সংযোগ করতে সাহায্য করে চলেছে। REDC কৌশলগত পরিকল্পনা এবং লক্ষ্যগুলোকে ঠিক রেখে সাজানো সোভেল-রেডি প্রকল্পগুলো শনাক্তকরণ এবং অর্থায়নের এই প্রক্রিয়ার মাধ্যমে যেখানে অর্থায়ন করা প্রয়োজন সেখানেই এটি অর্থ প্রদান করবে এবং সেখানে এটি সবচেয়ে বেশি প্রভাব তৈরি করবে। আমি জানি REDC এর সাথে নিবিরভাবে কাজ করার মাধ্যমে এই বরাদ্দগুলো অনেক নিউ ইয়র্কবাসীর জন্য বৃদ্ধি, চাকরি এবং শিক্ষার সুযোগে পার্থক্য নিয়ে আনবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিত (Science, Technology, Engineering and Math, STEM) শিক্ষা ও উৎপাদন থেকে শুরু করে কর্মশক্তির উন্নয়ন, চাইল্ডকেয়ার পরিষেবা এবং আরো অনেক কিছুতে, REDCs তাদের অঞ্চলের প্রয়োজনীয়তা এবং ভবিষ্যতের সাফল্যের জন্য এমন প্রকল্পের মাধ্যমে নির্দেশনা দিচ্ছে যা দীর্ঘস্থায়ী অর্থনৈতিক প্রভাব ফেলবে। দুইটি নতুন মাইক্রো-অনুদান কর্মসূচি আমাদের রোবাস্ট ক্রাফট ব্রেভারেজ ইন্ড্রাস্ট্রি বৃদ্ধি করতে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে অলাভজনক প্রতিষ্ঠানদের গুরুত্বপূর্ণ কাজকে সমর্থন করবে।"

প্রতিটি অঞ্চলের কৌশলগত পরিকল্পনার সাথে প্রকল্পের প্রস্তুতি এবং সাজিয়ে তোলার কারণে প্রতিটি আঞ্চলিক কাউন্সিল দ্বারা ESD অনুদান প্রকল্পগুলোর এই প্রথম রাউন্ডের সুপারিশ করা হয়েছিল। উল্লেখযোগ্য প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

- **ডিসকভারি সেন্টার অভ সায়েন্স অ্যান্ড টেকনোলজি - MOST STEM এডুকেশন সেন্টার (সেন্ট্রাল নিউ ইয়র্ক) - $300,000 ESD অনুদান:** ডিসকভারি সেন্টার অভ সায়েন্স অ্যান্ড টেকনোলজি (Discovery Center of Science and Technology) MOST এর লক্ষ্যকে সহায়তা করার জন্য বর্তমানে অব্যবহৃত স্থান (তার সিরাকিউজ হোমে) তৈরি করবে। নতুন স্থানটি সবচেয়ে বেশি দিনের ক্যাম্প এবং প্রোগ্রাম, STEM লাইব্রেরি এবং শিক্ষা অফিসের জন্য আরো ক্লাসরুম তৈরি করবে। **প্রকল্পের মোট ব্যয়: 2.8 মিলিয়ন মার্কিন ডলার**

- **ন্যাশনাল অফশোর উইন্ড ট্রেনিং সেন্টার, ইনকর্পোরেটেড (লং আইল্যান্ড) – $3 মিলিয়ন ESD অনুদান:** ন্যাশনাল অফশোর উইন্ড ট্রেনিং সেন্টার, ইনকর্পোরেটেড (National Offshore Wind Training Center, Inc.) অফশোর উইন্ড এনভায়রনমেন্টে কর্মরত প্রত্যেকের জন্য নিরাপত্তা এবং প্রযুক্তিগত সার্টিফিকেট প্রদানের জন্য ব্রেন্টউড,

সাফোক কাউন্টিতে একটি বিশ্বব্যাপী অফশোর উইন্ড ট্রেনিং সেন্টার তৈরি করবে। প্রকল্পের মধ্যে প্রাক শিক্ষানবিশ সুযোগ অন্তর্ভুক্ত থাকবে, হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য এনার্জি এবং টেকসই ক্ষেত্রগুলোতে গ্রীষ্মকালীন প্রোগ্রাম প্রদান করা হবে; তরুণ/প্রাপ্তবয়স্কদের জন্য আধুনিক উৎপাদন প্রশিক্ষণ প্রোগ্রাম, প্রশিক্ষণ ও সার্টিফিকেট অর্জনের সুযোগসহ কর্মশক্তি কর্মজীবনের পথকে সুগম করে তোলে। **প্রকল্পের মোট ব্যয়: 11 মিলিয়ন মার্কিন ডলার**

- **দ্য আর্ট ইফেক্ট অভ দ্য হাডসন ভ্যালি, ইনকর্পোরেটেড (মিড-হাডসন) - $2 মিলিয়ন ESD অনুদান:** আর্ট ইফেক্ট ডাচেস কাউন্টির পফকিপসি (Poughkeepsie) এ পূর্বে খালি থাকা ট্রলি বার্নটিকে আরো প্রসারিত ও উন্নত করবে, যা বাসিন্দাদের তাদের প্রতিভা প্রকাশ করতে এবং তাদের শিক্ষাকে আরো এগিয়ে নেওয়ার জন্য একটি শিক্ষা ও যুব-কেন্দ্রিক সেন্টারে পরিণত করবে। প্রকল্পটি ঐতিহাসিক পফকিপসি ট্রলি বার্ন গ্যালারিকে সংস্কার এবং বাড়তি কিছু নির্মাণের মাধ্যমে একটি কমিউনিটি শিল্প, সংস্কৃতি এবং শিল্প কর্মশক্তি উন্নয়ন ক্যাম্পাসে রূপান্তরিত করবে। **প্রকল্পের মোট ব্যয়: 13 মিলিয়ন মার্কিন ডলার**

- **মিডটাউন ইউটিকা কমিউনিটি সেন্টার (মোহক ভ্যালি) - $450,000 ESD অনুদান:** মিডটাউন ইউটিকা কমিউনিটি সেন্টার (Midtown Utica Community Center, MUCC) তার কমিউনিটি সেন্টারের পিছনের উইংটি পুনর্নির্মাণ করবে, সম্প্রসারিত প্রোগ্রামিং এবং কর্মসংস্থান পরিষেবাগুলোর অনুমতি দেবে, যা প্রাথমিকভাবে ইউটিকার গুরুতর দুর্দশাগ্রস্ত নেইবারহুডের শরণার্থী, অভিবাসী এবং নিম্ন আয়ের যুবক-যুবতীদের পরিষেবা প্রদান করে। MUCC ইউটিকা সিটি স্কুল ডিস্ট্রিক্টের সাথে একটি নতুন প্রোগ্রাম চালু করবে যা নতুন আগত শরণার্থী, অভিবাসী এবং যুবক-যুবতীদের কমিউনিটির দিকে পরিচালিত করে। **প্রকল্পের মোট ব্যয়: 1.2 মিলিয়ন মার্কিন ডলার**

- **অগডেনসবার্গ ব্রিজ এবং পোর্ট অথরিটি – চাইল্ডকেয়ার সেন্টার (নর্থ কান্ট্রি) – $954,000 ESD অনুদান:** অগডেনসবার্গ ব্রিজ এবং পোর্ট অথরিটি (Ogdensburg Bridge and Port Authority) অগডেনসবার্গের কমার্স পার্কে একটি নতুন চাইল্ডকেয়ার ফ্যাসিলিটি নির্মাণ করবে। এটি নিকটবর্তী এলাকায় 125টি নতুন চাইল্ডকেয়ার স্লট সরবরাহ করবে, যা শিশু, পিতামাতা এবং ব্যবসাগুলোকে উপকৃত করবে। **প্রকল্পের মোট ব্যয়: 4.7 মিলিয়ন মার্কিন ডলার**

- **ফুডাইরেক্ট, ইনকর্পোরেটেড (নিউ ইয়র্ক সিটি) – $1 মিলিয়ন ESD অনুদান, 1 মিলিয়ন মার্কিন ডলার এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট:** ব্রঙ্কসের হান্টস পয়েন্ট কো-অপারেটিভ মার্কেট (Hunts Point Cooperative Market)-এ ফুডাইরেক্ট (Foodirect) তার খাদ্য বিতরণ কেন্দ্রটি আপডেট এবং সংস্কার করবে। সংস্কারের মধ্যে এনার্জি

সক্ষমতার উন্নয়ন, একটি অত্যাধুনিক রেফ্রিজারেশন সিস্টেম এবং আধুনিক নিরোধক (ইন্স্যলুশন) পদ্ধতি অন্তর্ভুক্ত থাকবে, যা ক্রিয়াকাণ্ডের কার্বন ফুটপ্রিন্টকে উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে। হান্টস পয়েন্ট মার্কেট কমপ্লেক্সে চলমান সামগ্রিক উন্নয়ন উদ্যোগেও এই প্রকল্পটি অবদান রাখবে। **প্রকল্পের মোট ব্যয়: 18 মিলিয়ন মার্কিন ডলার**

- **স্পোর্টসফিল্ড স্পেশালিটিস, ইনকর্পোরেটেড (সাউদার্ন টিয়ার) – $500,000 ESD অনুদান, 1.5 মিলিয়ন মার্কিন ডলার এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট:** স্পোর্টসফিল্ড স্পেশালিটিস, ইনকর্পোরেটেড (Sportsfield Specialties, Inc., SSI) একটি খেলাধুলার সামগ্রী নির্মাতা প্রতিষ্ঠান যা ডেলাওয়ার কাউন্টির দিল্লীতে অবস্থিত। SSI তার বিদ্যমান সাইট সংলগ্ন ফাঁকা সম্পত্তি ব্যবহার করে তার উৎপাদন কার্যক্রম প্রসারিত করবে। প্রস্তাবিত প্রকল্পে আধুনিক সরঞ্জামসহ 60,000 হাজার বর্গফুট ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট সম্প্রসারণ, একটি নতুন অফিস কমপ্লেক্স, ম্যাকানিক্যাল দোকান ও স্টোরেজ অন্তর্ভুক্ত থাকবে। **প্রকল্পের মোট ব্যয়: 27.5 মিলিয়ন মার্কিন ডলার**

108টি প্রকল্পকে সহায়তা করার জন্য ক্রাফট বেভারেজ মাইক্রো গ্রান্ট প্রোগ্রাম (Craft Beverage Micro Grant Program)-এর মাধ্যমে প্রায় 4.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে, যা নিউ ইয়র্ক স্টেটে ওয়াইন, বিয়ার, স্পিরিট, হার্ড সিডার এবং মিড উত্পাদনের জন্য লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ের উত্পাদন ক্ষমতা, ব্যবসায়িক অবকাঠামো এবং লাভ বাড়ানোর জন্য ডিজাইন করা হয়েছে।

ক্রাফট প্রোগ্রামের হাইলাইটগুলোর মধ্যে রয়েছে:

- **স্পেকেল্ড পিগ ব্রুয়িং কোম্পানি, LLC (রাজধানী অঞ্চল) – $42,500 ESD অনুদান:** সারাটোগা কাউন্টির বলস্টন স্পাতে স্পেকেল্ড পিগ ব্রুয়িং (Speckled Pig Brewing) তার ব্রুহাউস সরঞ্জামগুলো আপগ্রেড করবে এবং একটি নতুন ক্যানিং লাইন ও একটি কেগ ক্লিনিং সিস্টেম কিনবে। এই অতিরিক্ত সরঞ্জামটি স্পেকেল্ড পিগকে 100টিরও বেশি রেস্তোঁরা/বারগুলোতে তার নিউ ইয়র্ক স্টেট ক্রাফট বিয়ারের বিক্রয় প্রসারিত করার পাশাপাশি স্টেট জুড়ে তাদের বিয়ার বিতরণ করার ক্ষমতা সরবরাহ করবে।

- **বার্ডহাউস ব্রুয়িং কোম্পানি, ইনকর্পোরেটেড (ফিঙ্গার লেকস) – $50,000 ESD অনুদান:** অন্টারিও কাউন্টির হোনিওয়েতে বার্ডহাউস ব্রুয়িং (Birdhouse Brewing) তার অবকাঠাকামো সম্প্রসারণ করছে এবং এর ব্রুয়িং সিস্টেমটিকে তিন-ব্যারেল ব্রুয়িং সিস্টেম থেকে সাত-ব্যারেল ব্রুয়িং সিস্টেমে আপগ্রেড করছে। এই সম্প্রসারণটি বার্ডহাউস ব্রুয়িংকে তার উত্পাদন ও ব্রুয়িং ক্ষমতা বৃদ্ধি করতে এবং আরো স্বাবলম্বী হওয়ার অনুমতি দেবে, রেসিপিগুলো বিকাশে সহায়তা করার জন্য এবং বড় আকারের

উত্পাদনকে সহায়তা করার জন্য তৃতীয় পক্ষের ব্রুয়িং প্রতিষ্ঠানের প্রয়োজন থেকে দূরে সরে যাবে।

ক্রাফট প্রোগ্রামের জন্য বরাদ্দপ্রাপ্তদের সম্পূর্ণ তালিকা পাওয়া যাবে এখানে।

অলাভজনক মূলধন অনুদান প্রোগ্রামের মাধ্যমে 62টি প্রকল্পকে সহায়তা করার জন্য 4.9 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ দেওয়া হয়েছে, যা অলাভজনক প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করে যারা ফ্যাসিলিটির উন্নয়ন এবং আপগ্রেডগুলোতে সহায়তা করার জন্য তাদের অঞ্চলে অর্থনৈতিক এবং কমিউনিটি ভিত্তিক সহায়তা করে।

অলাভজনক প্রোগ্রামের হাইলাইটগুলোর মধ্যে রয়েছে:

- **দ্য ইন্সপায়ার্ড কমিউনিটি প্রজেক্ট, ইনকর্পোরেটেড (নিউ ইয়র্ক সিটি) – $100,000 ESD অনুদান:** ইন্সপায়ার্ড কমিউনিটি প্রজেক্টের (Inspired Community Project, TICP) লক্ষ্য হচ্ছে বিশেষ শিক্ষা নির্দেশনা, রিসোর্স এবং কর্মশক্তি উন্নয়ন প্রশিক্ষণে সমান প্রবেশাধিকার নিশ্চিত করা। TICP অর্থনৈতিকভাবে বিপর্যস্ত ব্রঙ্কসে মানসম্মত প্রারম্ভিক শৈশব শিক্ষা, চাইল্ডকেয়ারের বিকল্পসমূহ এবং থেরাপি পরিষেবাসমূহ সরবরাহের দিকে মনোনিবেশ করে। অনুদান তহবিল ব্রঙ্কসে একটি নতুন অবস্থান তৈরি করতে এবং একটি প্রাথমিক হস্তক্ষেপ থেরাপি সেন্টার ও চাইল্ডকেয়ার ফ্যাসিলিটি প্রতিষ্ঠা করতে সহায়তা করবে যা নিউরোডাইভার্জেন্ট শিশুদের জন্য বিশেষ শিক্ষা প্রদান করে। এই প্রকল্পে কর্মশক্তি উন্নয়ন কর্মসূচিও অন্তর্ভুক্ত থাকবে।

- **হার্ট, লাভ অ্যান্ড সোল, ইনকর্পোরেটেড (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক) – $100,000 ESD অনুদান:** হার্ট, লাভ অ্যান্ড সোল (Heart, Love and Soul) একটি অলাভজনক কমিউনিটি প্রতিষ্ঠান যা নিম্ন আয়ের মানুষ ও পরিবারগুলোকে ক্ষুধা ত্রাণ এবং সোশ্যাল কেয়ার প্রদান করে। অনুদান তহবিল আরো ক্লায়েন্টদের সেবা দেওয়ার জন্য নায়াগ্রা জলপ্রপাতের বর্তমান ফ্যাসিলিটি সংস্কার এবং প্রসারিত করতে ব্যবহৃত হবে।

অলাভজনক প্রোগ্রামের জন্য বরাদ্দপ্রাপ্তদের সম্পূর্ণ তালিকা পাওয়া যাবে এখানে।

উপরন্তু, স্ট্র্যাটেজিক প্ল্যানিং অ্যান্ড ফিজিবিলিটি স্টাডিজ প্রোগ্রামের মাধ্যমে 1 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ দেওয়া হয়েছে। এই বরাদ্দগুলো পৌরসভা ও কাউন্টিগুলোর জন্য কৌশলগত উন্নয়ন পরিকল্পনা এবং মূল্যায়ন ও পরিকল্পনা সম্ভাব্যতা অধ্যয়নের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল অনুদানের মাধ্যমে 21টি প্রকল্পকে সহায়তা করে।

REDC প্রক্রিয়া স্থানীয় অর্থনৈতিক চাহিদা পূরণ করে এমন কৌশলগত পরিকল্পনা এবং তহবিলের অগ্রাধিকার বিকাশ করার জন্য আঞ্চলিক স্টেকহোল্ডারদের সমর্থন ও ক্ষমতায়ন অব্যাহত রাখে। আজ পর্যন্ত, REDC ইনিশিয়েটিভের মাধ্যমে, প্রতিটি অঞ্চলের কৌশলগত

পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ 9,700টিরও বেশি কর্মসংস্থান সৃষ্টি এবং কমিউনিটির উন্নয়ন প্রকল্পে 7.8 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ প্রদান করা হয়েছে।

**কনসোলিডেটেড ফান্ডিং এর আবেদন সম্পর্কে**

অনুদানের জন্য আবেদনের প্রক্রিয়াকে সহজতর ও ত্বরান্বিত করার উদ্দেশ্যে কনসোলিডেটেড ফান্ডিং এর আবেদন তৈরি করা হয়েছে। CFA প্রক্রিয়া স্টেটের সংস্থানগুলো বরাদ্দ হওয়ার উপায়ে একটি মৌলিক পরিবর্তন এনে দিয়েছে, যা স্থানীয় অর্থনৈতিক উন্নয়নের চাহিদাগুলো পূরণে অপেক্ষাকৃত কম আমলাতান্ত্রিক জটিলতা ও অধিকতর কার্যক্ষমতা নিশ্চিত করছে। CFA অর্থনৈতিক উন্নয়ন তহবিলের একক-এন্ট্রি পয়েন্ট হিসেবে কাজ করে, যা আবেদনকারীদের যাতে কোনো সমন্বয় পদ্ধতি ব্যতীত একাধিক সংস্থা ও উৎসের মধ্যে ধীরে ধীরে নেভিগেট করতে না হয় সেটা নিশ্চিত করে। এখন, অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পগুলো একটি আবেদনের মাধ্যমে একাধিক স্টেট তহবিলের উৎস অ্যাক্সেস করার জন্য CFA-কে একটি সাপোর্ট মেকানিজম হিসেবে ব্যবহার করে থাকে, যা প্রক্রিয়াটিকে আরো বেশি দ্রুত, সহজতর, ও আরো বেশি উৎপাদনমুখী করেছে। CFA সম্পর্কে আরো জানুন [এখানে]।

**আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল সম্পর্কে**

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগ স্টেটের বিনিয়োগ ও অর্থনৈতিক উন্নয়নের জন্য স্টেটের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান। 2011 সালে, স্ব স্ব অঞ্চলের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী কৌশলগত পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে 10টি আঞ্চলিক কাউন্সিল প্রতিষ্ঠা করা হয়। কাউন্সিলগুলি স্থানীয় বিশেষজ্ঞ এবং স্টেকহোল্ডারদের ব্যবসা, একাডেমী, স্থানীয় সরকার এবং বেসরকারি সংস্থাগুলির দ্বারা গঠিত ব্যক্তিগত অংশীদারিত্ব। আঞ্চলিক কাউন্সিলগুলি একটি গোষ্ঠী ভিত্তিক, সর্বনিম্ন পদ্ধতির অবস্থান এবং রাষ্ট্রীয় সম্পদগুলির জন্য প্রতিযোগিতামূলক প্রক্রিয়া স্থাপন করে নিউ ইয়র্কের চাকরি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির পথে বিনিয়োগের পথকে পুনরায় সংজ্ঞায়িত করেছে। Regionalcouncils.ny.gov এ আরো জানুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418